

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি মাধ্যমিক-৩ শাখা  
www.shed.gov.bd



নম্বর: ৩৭.০০.০০০০.০৯২.১৫.১৭৮.২১- ২৯৮

তারিখ: ১৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
৩১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

নজিপুর মডেল উচ্চ বিদ্যালয়, পল্লীতলা, নওগাঁ গত ১৩.০৯.২০১৮ তারিখে সরকারিকরণের প্রেক্ষিতে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ০৩ (তিন) জন কর্মচারীকে 'জাতীয়করণকৃত উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) আত্মীকরণ বিধিমালা-১৯৮৩' (অধিকতর সংশোধনী-১৯৯৪ ও ১৯৯৫) অনুযায়ী প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখ হতে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক নজিপুর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়-এ নিয়োক্ত শর্তে পদায়ন করা হলো:


ক্রঃ নং	নাম ও জন্ম তারিখ	পদবি	বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫)
০১	মোঃ আব্দুস ছাত্তার মন্ডল ০১/০১/১৯৬৭	সহকারী লাইব্রেরীয়ান	টাঃ ১০২০০-২৪৬৮০ গ্রেড-১৪
০২	মোঃ শাজিউল ইসলাম ০১/০৬/১৯৮৬	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাস্করিক	টাঃ ৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬
০৩	ছাব্বুন উর রশিদ ০৮/১২/ ১৯৭৯	নিরাপত্তা প্রহরী	টাঃ ৮২৫০-২০০১০ গ্রেড-২০

শর্তসমূহ:

- সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে হবে;
- প্রচলিত বিধি-বিধান অনুযায়ী চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে;
- প্রচলিত বিধি মোতাবেক তাদের জ্যেষ্ঠতা ও বেসরকারি আমলে কর্মরত চাকরিকাল গণনা করা হবে;
- যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অস্বীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- আদেশ জারির তারিখ হতে সংশ্লিষ্ট কর্মচারীগণের Monthly Payment Order (MPO) বাতিল বলে গণ্য হবে এবং সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবেন;
- এ শিক্ষা প্রতিষ্ঠানের আত্মীকৃত কোন কর্মচারী অন্য কোন প্রতিষ্ঠানে বদলি হতে পারবে না;
- প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি/আদেশ প্রযোজ্য হবে;
- সরকার কর্তৃক প্রণীতব্য/প্রণীত বিধি ও বিধান দ্বারা তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে;
- যে কোন প্রকার করণিক ভুল উপযুক্ত প্রমাণ সাপেক্ষে সংশোধনযোগ্য।

০২। বর্ণিত কর্মচারীর স্বাস্থ্য পরীক্ষা ও প্রাক-চরিত্র সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের সন্তোষজনক রিপোর্ট এর ভিত্তিতে (প্রযোজ্য ক্ষেত্রে) পরবর্তীতে তাদের চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে।

০৩। - যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(মোহাঃ শাম্মী আক্তার)  
উপসচিব

ফোনঃ ৫৫১০০৩৩৭

ই-মেইল: govt.sec3@moedu.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৯২.১৫.১৭৮.২১-২৮৮

তারিখ: ১৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
৩১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ০৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৬। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ০৭। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ০৮। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (এডহক নিয়োগ আদেশ জারির তারিখ হতে এম.পি.ও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৯। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (এডহক নিয়োগ আদেশ জারির তারিখ হতে এম.পি.ও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১০। জেলা প্রশাসক, নওগাঁ।
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। পুলিশ সুপার, নওগাঁ (প্রয়োজনীয় পুলিশ তদন্ত সাপেক্ষে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৫। সিভিল সার্জন, নওগাঁ (প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
- ১৭। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরান পল্টন, ঢাকা।
- ১৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২০। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ২১। জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
- ২২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লীতলা, নওগাঁ।
- ২৩। প্রধান শিক্ষক, নজিপুর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, পল্লীতলা, নওগাঁ।
- ২৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২৫। জনাব .....

